

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৭৫

আগরতলা, ১৯ নভেম্বর, ২০২৪

মানবধিকার সুরক্ষায় রাষ্ট্র এবং সমাজের দায়িত্ব ও কর্তব্য  
ধর্মনগরে আলোচনাচক্র

ত্রিপুরা মানবধিকার কমিশনের উদ্যোগে এবং ত্রিপুরা দুঃসাহসিক সামাজিক অভিযান সংস্থার ব্যবস্থাপনায় আজ ধর্মনগরে মানবধিকার সুরক্ষা সম্পর্কিত এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রের বিষয় ছিল মানবধিকার সুরক্ষায় রাষ্ট্র এবং সমাজের দায়িত্ব ও কর্তব্য। ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতিভবনে আয়োজিত সেমিনারের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, ত্রিপুরা মানবধিকার কমিশনের চেয়ারপার্সন প্রাক্তন বিচারপতি স্বপন চন্দ্র দাস, ত্রিপুরা মানবধিকার কমিশনের সদস্য বিমল কান্তি রায় ও উদিত চৌধুরী, মানবধিকার কমিশনের ডেপুটি পুলিশ সুপার লালহিম মলসম প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা মানবধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস।

আলোচনাচক্রে প্রধান বক্তা কমিশনের চেয়ারপার্সন প্রাক্তন বিচারপতি স্বপন চন্দ্র দাস বক্তব্য রাখতে গিয়ে বলেন, মানুষের অধিকার সুরক্ষায় সকলকে গুরুত্বারোপ করতে হবে। মানবধিকার হল মানুষের সেই সকল মৌলিক অধিকার যা মানুষের বেঁচে থাকার জন্য অপরিহার্য। মানবধিকার সুরক্ষায় সরকারি কর্মচারীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন কমিশনের সদস্য উদিত চৌধুরী। মানবধিকার সুরক্ষায় পুলিশের ভূমিকা নিয়ে আলোচনা করেন কমিশনের সদস্য বিমল কান্তি রায়। মানবধিকার কমিশন কি কি কাজ করছে মানবধিকার লঙ্ঘিত হলে কিভাবে কমিশনে অভিযোগ জানানো যাবে এই বিষয়ে অনুষ্ঠানে বিস্তারিত বক্তব্য রাখেন কমিশনের সচিব রতন বিশ্বাস। এছাড়াও পাওয়ারপয়েন্ট উপস্থাপনার মাধ্যমে মানবধিকার সুরক্ষা আইন-১৯৯৩ ও অন্যান্য বিভিন্ন বিষয়ে অনুষ্ঠানে আলোচনা করা হয়। সরকারি বিভিন্ন কার্যালয়ের কর্মী, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী, অঙ্গনওয়াড়ি কর্মী, আশা কর্মী সহ বিভিন্ন অংশের মানুষ এদিনের সচেতনতামূলক সেমিনারে অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*